



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৪/ঢাকা/ নং ৮২

তারিখ: ২৭/১২/২০২১

বিষয় : বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৫.২১-৫৮২; তারিখ: ২৮ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে 'টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল', সাভার, ঢাকা-এ ০১/০১/২০২১ খ্রি। তারিখ থেকে পরবর্তী ০৩ (তিনি) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহ :

- ১। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী প্রধান শিক্ষকের শূন্যপদে নিয়োগবিধি অনুসরণ করে একজন যোগ্যতাসম্পন্ন প্রধান শিক্ষক নিয়োগ করতে হবে।
- ২। আগামী ০২(দুই) মাসের মধ্যে বিদ্যালয়ের জমি টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল-এর নামে আলাদা করে নামজারি ও খারিজ খতিয়ান করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ৩। বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্ছ খোলা যাবে না।
- ৪। প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মান করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৫। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ৬। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী নিজস্ব তহবিল হতে বেতন-ভাতা পরিশোধ করার শর্তে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ করতে হবে।
- ৭। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৮। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
- ৯। বিদ্যালয়ের ছায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য ছাত্র ইন্সুরেন্স ও প্রতিদেন্ট ফাস্ট চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১০। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট হতে হবে।
- ১১। বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- ১২। বিদ্যালয় পাঠগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ২০,০০০/- (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠ্য্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ১৩। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ১৪। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- ১৫। বিদ্যালয়ের একটি দৃশ্যমান ছানে মুজিব কর্ণার স্থাপন করতে হবে।
- ১৬। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

### প্রাপক : প্রধান শিক্ষক

'টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল'  
পো: আলীয়া মাদ্রাসা, উপজেলা: সাভার  
জেলা: ঢাকা।

মেমো নং- নং ৮২ (ন)

### সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, বেনবেইস নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা।
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৮। সভাপতি, 'টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল', সাভার, ঢাকা।
- ৯। অফিস কপি।

স্বা.  
প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভুঁঞ্চি  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখ: ২৭/১২/২০২১

Md. Atiqur Rahman  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

Md. Atiqur Rahman  
27/12/2021